এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# যুক্তিবিদ্যা প্রথম পত্র: সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড: | ১ | ২ | ১ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।*

**১.** ▶ বনগাঁও গ্রামে অনেক মানুষ ম্যালেরিয়া জ্বরে আক্রান্ত হয়। গ্রামীদের অনেকেই সিদ্ধান্ত নেয় যে, জ্বিনের বাদশার অসন্তুষ্টির কারণে এই রোগের প্রাদুর্ভাব ঘটেছে এবং তাকে খুশি করার জন্য তারা বিভিন্ন প্রক্রিয়া গ্রহণ করে। কিন্তু গ্রামবাসীদের সিদ্ধান্তের সাথে ভিন্নমত পোষণ করে ঐ গ্রামের কলেজ ছাত্র তামিম। সে খুব যুক্তিবাদী এবং সবকিছুকে যুক্তি-বুদ্ধির আলোকে বিচার করতে চায়। তামিম গ্রামবাসীর সিদ্ধান্তকে কুসংস্কার বলে বিরোধিতা করে এবং গ্রামের ডোবা, নালা ও পচা আবর্জনা থেকে বংশ বিস্তারকৃত মশার কামড়ে এই রোগ হয়েছে বলে দাবি করে। এই বিষয়টি সে প্রশাসনকে অবহিত করে এবং প্রশাসন ও স্থানীয় সরকারের সহায়তায় আক্রান্তদের চিকিৎসার ব্যবস্থা করে।

ক. শব্দগত অর্থে যুক্তিবিদ্যা কী? ১

খ. যুক্তিবিদ্যা সম্পর্কে মিলের সংজ্ঞাটির সংক্ষিপ্ত ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে তামিমের চরিত্রের বৈশিষ্ট্যগুলো কোন শাস্ত্রের বৈশিষ্ট্যকে ব্যক্ত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত শাস্ত্রে বৈজ্ঞানিক পদ্ধতি ও কলাবিদ্যার প্রয়োগ উভয়ই বর্তমান— বিশ্লেষণ করে দেখাও। ৪

**২.** ▶ 'মানুষ' পদের অর্থকে দুভাবে প্রকাশ করা যেতে পারে। যেমন— সংখ্যাগত ও গুণগত। সংখ্যার দিক দিয়ে বলা যায়— সকল মানুষ আর গুণের দিক থেকে বুদ্ধিবৃত্তিসম্পন্ন প্রাণী।

ক. হায়! হয়! কী ধরনের শব্দ? ১

খ. বিপরীত পদ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত পদের দুটি দিকের সম্পর্ক পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত পদের দুটি দিকের সম্পর্কের নিয়মিত সর্বক্ষেত্রে কার্যকরি হয় না— উক্তিটি মূল্যায়ন কর। ৪

**৩.** ▶ সব ছাত্র হয় মেধাবী। এই যুক্তিবাক্যে 'ছাত্র' এবং 'মেধাবী' পদ দুটির মধ্যে একটি সম্পর্ক বিদ্যমান। এরিস্টটল সর্বপ্রথম এই আলোচনার সূত্রপাত করলেও তা পরফিরির হাতে পূর্ণতা লাভ করে।

ক. বিধেয়ক কী? ১

খ. নঞর্থক বাক্যে বিধেয়ক অনুপস্থিত থাকে কেন? ২

গ. উদ্দীপকের যুক্তিবাক্যে ব্যবহৃত 'মেধাবী' পদটিকে যুক্তিবিদ্যায় কী বলে? ব্যাখ্যা কর। ৩


ঘ. উদ্দীপকের বর্ণিত যুক্তিবাক্যটির উদ্দেশ্য ও বিধেয়ের মধ্যে যে সম্পর্ক প্রকাশিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৪

http://teachingbd.com


৪.▶




চিত্র-১




চিত্র-২




চিত্র-৩

এখানে M = উদ্দেশ্য পদ এবং L = বিধেয় পদ।

ক. ব্যাপ্যতা কাকে বলে? ১

খ. বিশেষ যুক্তিবাক্যের উদ্দেশ্য পদ ব্যাপ্য হয় না কেন? ২

গ. ২নং চিত্রে কোন যুক্তিবাক্যের পদের ব্যাপ্যতা দেখানো হল? ব্যাখ্যা কর। ৩

ঘ. ১নং চিত্র ও ৩নং চিত্রের মধ্যে ব্যাপ্যতার যে পার্থক্য রয়েছে তার তুলনামূলক আলোচনা কর। ৪

৫.▶ সিলেটে বৃষ্টি দেখে তারেক ভাবল, নিশ্চয়ই ঢাকায় বৃষ্টি হচ্ছে। এমন সময় তারেকের বন্ধু রুমি ফোন করে জানতে চাইল, সিলেটের অবস্থা কেমন? ঢাকার শান্তিনগর তো পানিতে থৈ থৈ করছে। টেলিভিশনে দেখলাম বরিশাল, খুলনা ও রাজশাহী অঞ্চলে বৃষ্টি হচ্ছে। কাজেই সারা দেশেই বৃষ্টি হচ্ছে। ঢাকা শহরতো দেশেরই অংশ। তাই ঢাকাতেও বৃষ্টি হচ্ছে।

ক. অনুমান কী? ১

খ. কোন অনুমানের ক্ষেত্রে ফলাফল সম্ভাব্য হয়? ব্যাখ্যা কর। ২

গ. তারেকের বক্তব্য অবরোহ অনুমানের কোন দিকটির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পাঠ্যপুস্তকের আলোকে তারেক ও রুমির বক্তব্যের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৬.▶ সকল চিকিৎসক হন বিদ্বান

∴ সকল বিদ্বান হন চিকিৎসক

ক. O — যুক্তিবাক্যের উদ্দেশ্য কী? ১

খ. প্রতিবর্তন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের উদাহরণটিতে কোন ধরনের অনুপপত্তি হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের উদাহরণের আলোকে E এবং I যুক্তিবাক্যের সরল আবর্তন সম্ভব? যুক্তির সপক্ষে যুক্তি দাও। ৪

৭.▶ ঢাকা মেডিকেল কলেজের ৫নং ওয়ার্ডে আজিজ সাহেব ছেলের পাশে বসে আছেন। ছেলে বেডে শুয়ে যন্ত্রণায় কাতরাচ্ছে। বাবা হয়ে ছেলের কষ্ট দেখে নিজেকে নিজে প্রশ্ন করছেন কেন আমার ওপর এমন বিপদ আসছে। এ নিয়ে চারবার একমাত্র ছেলের পা ভাঙল। একবার রিকশা থেকে পড়ে, দ্বিতীয়বার ফুটবল খেলতে গিয়ে, তৃতীয়তবার দৌড়াতে গিয়ে এবং শেষবার বাড়ির ছাদ থেকে পড়ে। বার বার ছেলের পা ভাঙ্গার কারণে তিনি হতাশ হয়ে পড়েছেন।

ক. বিশ্বে শক্তির কী পরিবর্তন হতে পারে? ১

খ. অন্ধকারে দড়িকে সাপ মনে করা কোন ধরনের ভ্রান্ত নিরীক্ষণ? ব্যাখ্যা কর। ২

গ. আজিজ সাহেবের ঘটনায় পাঠ্যবইয়ের কোন বিষয়টি প্রতিচ্ছবি প্রকাশিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আজিজ সাহেবের ঘটনা একক সিদ্ধান্তে পৌঁছানোর প্রতিবন্ধকতা হিসেবে কাজ করে— বক্তব্যটির মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

৮.▶ সুজন উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী। সে নিরক্ষর পিতামাতার একমাত্র সন্তান। পরীক্ষার সময়সূচি ঘোষিত হয়েছে। পরীক্ষা ২৯ মে। সামনে তার বেশিদিন নেই। রাত জেগে ছেলেটি পড়ালেখা করে। প্রতিনিয়ত এ কাজটি করায় সে অসুস্থ হয়। একদিন সুজনের পিতা সুজনকে নিয়ে হাসপাতালে যান। তিনি জানেন না হাসপাতালের কোথায় চিকিৎসা সেবা দেওয়া হয়। হঠাৎ তার দৃষ্টি যায় একটি দরজার দিকে। দরজার বাইরের দিকে একটি পর্দা ঝুলানো আছে এবং তাতে একটি লাল রঙের চাঁদ আঁকা রয়েছে। সুজনের বাবা মনে করেন এখানেই ডাক্তার বসেন।


ক. প্রতীকী যুক্তিবিদগণ কোন ক্ষেত্রে প্রতীক ব্যবহার করেন? ১

খ. প্রতীক ও সংকেতের মধ্যে পার্থক্য কী? উল্লেখ কর। ২

গ. সুজনের পিতা কোন ধরনের প্রতীকের সাহায্যে ডাক্তারের চেম্বার বুঝতে পারেন? সেটি ব্যাখ্যা কর। ৩

ঘ. চিকিৎসা সেবা ছাড়া আর কোন কোন ক্ষেত্রে প্রতীক ব্যবহারের গুরুত্ব রয়েছে বলে তুমি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯.▶



চিত্র : ১ চিত্র : ২ চিত্র : ৩

ক. ১ম সংস্থানের বৈধ মূর্তিগুলোর নাম কী? ১

খ. কোন পদের অবস্থার উপর ভিত্তি করে সহানুমানের সংস্থান গঠিত হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে চিত্র : ২ এ সহানুমানের কোন সংস্থান নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে চিত্র : ১ ও চিত্র : ৩ এর মধ্যে পার্থক্য নিরূপণ কর। ৪

১০.▶ রাজু : নাজমুল, সরল বাক্যের উদাহরণ বলতে পার?

নাজমুল : হ্যাঁ, বিকাশ হয় বুদ্ধিমান।

রাজু : এবার যৌগিক বাক্যের উদাহরণ বলতো?

নাজমুল : যদি মোহন আসে, তাহলে আমি যাব।

ক. সংশ্লেষক যুক্তিবাক্য কাকে বলে? ১

খ. সম্বন্ধের ভিত্তিতে যুক্তিবাক্য কাকে বলে? ২

গ. উদ্দীপকের নাজমুলের বক্তব্যের আলোকে কী শর্তহীন এবং শর্তযুক্ত যুক্তিবাক্যের পরিচয় পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, নাজমুলের সর্বশেষ বক্তব্যের মধ্যে দিয়ে প্রাকল্পিক যুক্তিবাক্যে এবং বৈকল্পিক যুক্তিবাক্যের রূপরেখা প্রণয়ন হয়েছে? আলোচনা কর। ৪

১১.▶ 'ক' 'খ' 'গ' ও 'ঘ' চারজন শ্রমিক। তারা সাধারণত আলাদা কাজ করে। হঠাৎ একদিন তারা একসাথে একটি 'ঙ' নামক কাজ চুক্তি করে এবং দ্রুত সম্পন্ন করে।

ক. বহুকারণবাদ কী? ১

খ. কার্যসংমিশ্রণ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে বর্ণিত বিষয়টি পাঠ্যপুস্তকের কোন বিষয়ের সাথে মিল আছে তা আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত বিষয় ২টির আন্তঃসম্পর্ক দেখাও। ৪

Teachingbd.com

# বিষয় ঃ যুক্তিবিদ্যা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ২ | ১ |

সময়- ৩০ মিনিট

## বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

**১. বিশ্ব প্রকৃতির জটিল রহস্য জানার জন্য মানুষ কোনটির আশ্রয় নেয়?**

ⓚ সৃষ্টিকর্তার ⓚ অনুমানের
ⓖ দেবতার ⓖ জ্ঞানীদের

**২. অবরোহ পদ্ধতিতে কীভাবে সিদ্ধান্ত টানা হয়?**

ⓚ দুটি আশ্রয়বাক্য থেকে
ⓚ তিনটি আশ্রয়বাক্য থেকে
ⓖ কয়েকটি আশ্রয়বাক্য থেকে
ⓖ একটি সার্বিক দৃষ্টান্ত থেকে

**৩. জামিল কোন স্থানে ধোঁয়া দেখে অনুমান করল সেখানে আগুন লেগেছে। এখানে 'ধোঁয়া' কোন ধরনের জ্ঞান?**

ⓚ প্রত্যক্ষ ⓚ পরোক্ষ
ⓖ সাধারণ ⓖ যৌক্তিক

**৪. যুক্তিবিদ্যা কোন ধরনের বিজ্ঞান?**

ⓚ ভাবমূলক ⓚ পদ্ধতিমূলক
ⓖ প্রয়োগমূলক ⓖ আদর্শমূলক

**৫. সুমনের বড় ভাই তাকে বললেন, কখনো মিথ্যা কথা বলো না আর সর্বদা সদাচরণ করবে। সুমনের ভাইয়ের উপদেশে যে বিদ্যার বৈশিষ্ট্য ফুটে উঠেছে—**

ⓚ যুক্তিবিদ্যা ⓚ দর্শন
ⓖ অধিবিদ্যা ⓖ নীতিবিদ্যা

**৬. ওজনে কম দেওয়া রোধের ক্ষেত্রে যৌক্তিক প্রভাব রাখতে পারে—**

i. নীতিবিদ্যার জ্ঞান
ii. গণিতের জ্ঞান
iii. যুক্তিবিদ্যার জ্ঞান

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৭. যুক্তিবিদ্যায় পদ কয়টি অর্থে ব্যবহৃত হয়?**

ⓚ একটি ⓚ দুইটি
ⓖ তিনটি ⓖ চারটি

**৮. 'মানুষ' পদের ব্যক্ত্যর্থ দ্বারা কী বোঝায়?**

ⓚ জ্ঞানী মানুষ ⓚ কতিপয় মানুষ
ⓖ উচ্চ শ্রেণির মানুষ ⓖ সব মানুষ

**৯. রবিন স্যার ক্লাসে ব্যক্ত্যর্থ ও জাত্যর্থের সম্পর্ক নিয়ে আলোচনা করছিলেন। ব্যক্ত্যর্থ ও জাত্যর্থের মধ্যে কোন ধরনের সম্পর্ক বিদ্যমান?**

ⓚ বিপরীতমুখী ⓚ সমমুখী
ⓖ হ্রাস-বৃদ্ধির ⓖ নিম্নমুখী

**১০. 'সব দার্শনিক হন জ্ঞানী।' উক্ত বাক্যের দার্শনিক পদ ব্যাপ্য হওয়ার যৌক্তিকতা হচ্ছে—**

i. আংশিক ব্যক্ত্যর্থ প্রকাশ করা
ii. সামগ্রিক ব্যক্ত্যর্থ প্রকাশ করা
iii. সামগ্রিক জাত্যর্থ প্রকাশ করা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১১. নিচের কোনটি ব্যক্তিগত অবিচ্ছেদ্য অবান্তর লক্ষণ?**

ⓚ আচার-ব্যবহার ⓚ জন্মস্থান
ⓖ গায়ের রং ⓖ পেশা

**১২. প্রাণী বলতে বোঝায়—**

i. মানুষ ii. বৃক্ষ
iii. লতা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৩. জামিল বলে, বিভেদক লক্ষণ জাত্যর্থের অংশবিশেষ। বিভেদক লক্ষণ জাত্যর্থের—**

i. অনিবার্য অংশ ii. অপরিহার্য অংশ
iii. সাধারণ অংশ

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৪. কোন বাক্যের বিধেয়ক না থাকার যথার্থ কারণ হলো—**

i. সংযোজক না থাকা ii. বাক্যটি নঞর্থক হওয়া
iii. বিধেয় বিশিষ্ট হওয়া

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

http://teachingbd.com

১৫. আবর্তনের সিদ্ধান্তকে কী বলে?
ⓚ আবর্তনীয় ⓛ আবর্তিত
ⓜ আবর্তন ⓝ প্রতিবর্তন

১৬. সহানুমানের ইংরেজি প্রতিশব্দ কী?
ⓚ Syllogism ⓛ Remember
ⓜ Imagine ⓝ Cuess

১৭. E-বাক্যকে প্রতিবর্তন করলে কোন ধরনের বাক্য পাওয়া যায়?
ⓚ O বাক্য ⓛ I বাক্য
ⓜ E বাক্য ⓝ A বাক্য

১৮. বাবু 'মানুষ' পদটিকে সহানুমানের সিদ্ধান্তের বিধেয় হিসেবে ব্যবহার করে। 'মানুষ' পদটি সম্পর্কে কোনটি প্রযোজ্য?
ⓚ অপ্রধান পদ ⓛ পক্ষপদ
ⓜ সাধ্যপদ ⓝ হেতুপদ

১৯. দ্বিতীয় সংস্থানের বৈধ মূর্তি হলো—
i. BARBARA ii. CESARE
iii. BAROCO
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২০. প্রাকল্পিক নিরপেক্ষ সহানুমানের নিয়ম লঙ্ঘনজনিত অনুপপত্তি হলো—
i. অনুগ স্বীকৃতিমূলক অনুপপত্তি
ii. পূর্ব অস্বীকৃতিমূলক অনুপপত্তি
iii. চতুষ্পদী অনুপপত্তি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২১. মধ্যপদ সম্পর্কে যে উক্তিটি অধিক গ্রহণযোগ্য—
i. যোগসূত্র হিসেবে কাজ করে
ii. প্রধান ও অপ্রধান পদের মধ্যে সম্পর্ক স্থাপন করে
iii. সিদ্ধান্তে ব্যবহৃত হয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২২. "কারণ হলো কার্যের অপরিবর্তনীয় ও শর্তনিরপেক্ষ পূর্ববর্তী ঘটনা বা ঘটনাবলির সমষ্টি"। —উক্তিটি কার?
ⓚ বেইনের ⓛ মিলের
ⓜ হিউমের ⓝ ওয়েলটনের

২৩. সূর্যের উদয় ও অস্ত দেখাকে কী নিরীক্ষণ বলে?
ⓚ ব্যক্তিগত ভ্রান্ত নিরীক্ষণ
ⓛ প্রয়োজনীয় অবস্থার অনিরীক্ষণ
ⓜ সার্বজনীন ভ্রান্ত নিরীক্ষণ
ⓝ দৃষ্টান্তের অনিরীক্ষণ

২৪. প্রকৃতি সর্বদা কিসের অনুগামী?
ⓚ প্রকৃতি ⓛ বাধা
ⓜ পুনরাবৃত্তি ⓝ নিয়ম

২৫. আপাত অসঙ্গত মতবাদকে কী বলে?
ⓚ অনুপপত্তি ⓛ কূটাভাস
ⓜ ছন্দপদ ⓝ নিয়মানুবর্তিতা

২৬. 'আলো প্রাপ্তি' কার্যটি যে কারণকে নির্দেশ করে—
i. সূর্য ii. চন্দ্র
iii. মোমবাতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৭. গাড়িতে লাল রঙের '+' চিহ্ন কিসের প্রতীক?
ⓚ শান্তির ⓛ দেশের
ⓜ চিকিৎসা সেবার ⓝ সন্ধির

২৮. 'V' বৈকল্পিক বাক্যের কেমন চিহ্ন?
ⓚ গুণাগুণ প্রকাশক ⓛ আকার প্রকাশক
ⓜ উপাদান প্রকাশক ⓝ অর্থ প্রকাশক

২৯. মহুয়া তার ছাত্রীকে A, E, I ও O-এ চিহ্নগুলোকে Vowel হিসেবে শেখান। যুক্তিবিদ্যায় এ চিহ্নগুলোর সাথে কোনটির মিল রয়েছে?
ⓚ সংকেত
ⓛ আবেগ
ⓜ বর্ণ ⓝ প্রতীক

৩০. দুই বা ততোধিক সরল বাক্য সমন্বয় দ্বারা কোন বিষয়টি ফুটে উঠেছে?
ⓚ মিশ্র বাক্য
ⓛ শাব্দিক বাক্য
ⓜ যৌগিক বাক্য
ⓝ সরল বাক্য

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ঘ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ক | ১১ | খ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | ক | ২১ | ক | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | গ |

http://teachingbd.com